



## বাংলাদেশ শিল্পকলা একাডেমি

৪৩.২০.০০০০.০০১.৯৯.০০১.১৮.১২৭

তারিখ: ০৮ নভেম্বর ২০১৮

বিষয়ঃ 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমিতে সাংস্কৃতিক উৎসব' আয়োজন প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ০১ নভেম্বর ২০১৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক নির্মিত তিনটি 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি'র শুভ উদ্বোধন ঘোষণা করেন। দেশের শিল্প-সংস্কৃতি অঙ্গণের জন্য এ এক বিরাট প্রাপ্তি এবং এর মাধ্যমে সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক কার্যক্রম সম্প্রসারিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি' উদ্বোধন ঘোষণাকে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বাংলাদেশ শিল্পকলা একাডেমি তিনটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমিতে দিনব্যাপী 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক উৎসব' আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি'র ব্যবস্থাপনায় এ উৎসব নভেম্বর ২০১৮ মাসে উদযাপিত হবে। জেলা প্রশাসক ও সভাপতি, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি-এর সাথে উৎসব আয়োজনে সংশ্লিষ্ট জেলা কালচারাল অফিসার সমন্বয়সাধন করবেন। উৎসবের ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি' বরাবর ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রেরণ করা হবে। কেন্দ্রীয়ভাবে এ উৎসবের সংবাদ প্রচার করা হবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি, দেশের লোকজ সংস্কৃতি, সরকারের উন্নয়ন কর্মকান্ড এবং সংশ্লিষ্ট জেলার সংস্কৃতিকে তুলে ধরে এমন পরিবেশনার মাধ্যমে উৎসবের সাংস্কৃতিক আয়োজন পরিচালিত হবে। উক্ত উৎসব কেন্দ্রীয়ভাবে সমন্বয় করবেন জনাব আবু ছালেহ মো: আবদুল্লাহ, তার মোবাইল নম্বর : ০১৯১৮-৭১০৭৭৩।

এমতাবস্থায়, 'ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক উৎসব' বাস্তবায়নের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

লিয়াকত আলী লাকী

মহাপরিচালক

ফোন: ০২৯৫৬২৮৩৬, ফ্যাক্স: ০২৯৫৬২৮৫৩

জেলা প্রশাসক ও সভাপতি  
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি  
.....।

**অনুলিপি : (জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, -----।
২. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, -----।
৩. সদস্য সচিব, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি, -----।
৪. অফিস কপি।